গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন , সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
সুবর্ণজয়ন্তী সেল
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৭৭ তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮
১৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে উপজেলা থেকে শুরু করে জাতীয় পর্যায় পর্যন্ত চিত্রাংকন, কুইজ, সংগীত, নৃত্য ও রচনা প্রতিযোগিতা আয়োজন প্রসংগে।**

সূত্র: এ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০০.৩৩.০০১.২২.৩০৫, তারিখঃ ৩১ জানুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে উপজেলা পর্যায় হতে জাতীয় পর্যায় পর্যন্ত চিত্রাংকন, কুইজ, সংগীত, নৃত্য ও রচনা প্রতিযোগিতা আয়োজনের ক্ষেত্রে নিম্নরূপ সংশোধিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

০২। পর্যায়, গ্রুপ ও বিষয় নির্বেশেষে নিম্ন ছকে বর্ণিত বিষয়বস্তুকে বিবেচনা করতে হবে।

| প্রতিযোগিতার বিষয় | বিভিন্ন পর্যায়ের বিষয়বস্তু | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা | জেলা | বিভাগ | জাতীয় |
| কুইজ (প্রাথমিক/মাধ্যমিক/কলেজ) | বঙ্গবন্ধু | মুক্তিযুদ্ধ | স্বাধীনতা | সুবর্ণজয়ন্তীতে বাংলাদেশের অর্জন |
| সংগীত (প্রাথমিক/মাধ্যমিক/কলেজ) | দেশাত্মবোধক (সাধারণ) | দেশাত্মবোধক (মুক্তিযুদ্ধের গান) | মুক্তিযুদ্ধের গান | মুক্তিযুদ্ধের নূতন গান |
| নৃত্য (প্রাথমিক/মাধ্যমিক/কলেজ) | সাধারণ নৃত্য (দেশাত্মবোধক) | সাধারণ নৃত্য (মুক্তিযুদ্ধ) | সাধারণ নৃত্য (বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ) | সাধারণ নৃত্য (বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ) |
| চিত্রাংকন (প্রাথমিক) | বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ | বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ | স্বাধীনতা আমার স্বাধীনতা | স্বাধীনতা আমার স্বাধীনতা |
| রচনা (মাধ্যমিক/কলেজ) | খোকা থেকে বঙ্গবন্ধু | কিভাবে আমরা স্বাধীনতা পেলাম | বিশ্বনেতা শেখ মুজিব | স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বঙ্গবন্ধুর বাংলাদেশ |

০৩। (ক) উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত নিম্নরূপভাবে একটি উপজেলা কমিটি গঠন করতে হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা- সভাপতি
উপজেলা শিক্ষা কর্মকর্তা- সদস্য
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা- সদস্য
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা- সদস্য
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা- সদস্য
সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)- সদস্য সচিব

কমিটির কর্মপরিধিঃ (১) উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠানের স্থান নির্ধারণ।
(২) প্রতি গ্রুপের বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করণ।
(৩) কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে সদস্য কো-অপ্ট করণ।

(খ) জেলা পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত নিম্নরূপভাবে একটি জেলা কমিটি গঠন করতে হবে।

জেলা প্রশাসক - সভাপতি

জেলা শিক্ষা কর্মকর্তা - সদস্য

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা- সদস্য

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা - সদস্য

জেলা সংস্কৃতি বিষয়ক কর্মকর্তা- সদস্য

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)- সদস্য সচিব

কমিটির কর্মপরিধিঃ (১) জেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠানের স্থান নির্ধারণ।

(২) প্রতি গ্রুপের বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করণ।

(৩) কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে সদস্য কো-অপ্ট করণ।

(গ) বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নিম্নরূপ কমিটি গঠন করতে হবে।

বিভাগীয় কমিশনার- সভাপতি

উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা- সদস্য

উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর- সদস্য

বিভাগীয় সদর জেলার শিশু বিষয়ক কর্মকর্তা- সদস্য

বিভাগীয় সদর জেলার কালচারাল অফিসার- সদস্য

উপ-পরিচালক, স্থানীয় সরকার, সংশ্লিষ্ট বিভাগ- সদস্য সচিব

কমিটির কর্মপরিধিঃ (১) বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠানের স্থান নির্ধারণ।

(২) প্রতি গ্রুপের বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করণ।

(৩) কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে সদস্য কো-অপ্ট করণ।

০৪। বিভিন্ন পর্যায়ের প্রতিযোগিতা সম্পন্ন করার তারিখ নিম্নরূপঃ

**(ক) উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।**

**(খ) জেলা পর্যায়ের প্রতিযোগিতা আগামী ০৫ মার্চ ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।**

**(গ) বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা আগামী ১৩ মার্চ ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।**

**(ঘ) জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা আগামী ২০ মার্চ ২০২২ তারিখে ঢাকায় অনুষ্ঠিত হবে।**

০৫। বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা সমাপ্ত হবার পরবর্তী কর্মদিবসেই প্রতি গ্রুপে বিভিন্ন বিষয়ে ১ম স্থান অর্জনকারী প্রতিযোগীদের তালিকা (নাম, পিতার নাম, মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণি, জন্মতারিখ, জন্মসনদের কপি, প্রতিযোগির ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি, পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের কপিসহ) সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

০৬। বাংলাদেশ শিশু একাডেমী এর মহাপরিচালক প্রাথমিক ও মাধ্যমিক স্তরের জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা বাস্তবায়ন করবেন।

০৭। বাংলাদেশ শিল্পকলা একাডেমী এর মহাপরিচালক কলেজ স্তরের জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা বাস্তবায়ন করবেন।

০৮। বর্ণিত প্রতিযোগিতা বাস্তবায়নের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রত্যেক উপজেলা ও জেলায় থোক বরাদ্দ দেয়া হবে। প্রত্যেক বিভাগ, বাংলাদেশ শিশু একাডেমী ও বাংলাদেশ শিল্পকলা একাডেমীর অনুকূলে আলাদাভাবে বরাদ্দ প্রদান করা হবে।

০৯। বিভিন্ন গ্রুপ ও বিষয়ে কেবলমাত্র ১ম স্থান অধিকারী প্রতিযোগিকে পরবর্তী পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

১০। কোভিড-১৯ বিষয়ক সর্বশেষ সরকারী নির্দেশনা ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে অনুষ্ঠান বাস্তবায়ন করতে হবে।

১১। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ পত্র জারী করা হলো।

১৭-২-২০২২

মোঃ আশরাফুল আলম খান

উপসচিব

বিতরণ : ফোন: ০১৭৫২৫৬৩৪৩০

১) বিভাগীয় কমিশনার (সকল)

২) জেলা প্রশাসক (সকল)

৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৭৭/১(৫)

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮
১৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জনাব তপন কান্তি ঘোষ, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও সদস্য সচিব, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৩) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৪) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৫) অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১৭-২-২০২২
মোঃ আশরাফুল আলম খান
উপসচিব